

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিটি কর্পোরেশন -১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৭০.০২২.০০.০০.২২৮.২০১২(অংশ).৪১১

তারিখঃ ১৯ চৈত্র ১৪২৩
২ এপ্রিল ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব আরিফুল হক চৌধুরী, পিতা: মরহুম শফিকুল হক চৌধুরী, বাসা নং-১, ব্লক-বি, কুমারপাড়া আ/এ, সিলেট-৩১০০ সিলেট সিটি কর্পোরেশনের মেয়র; এবং

২। যেহেতু, তাঁর বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলা 'বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং-০৪/২০০৯' এর সম্পূরক অভিযোগপত্র গত ২২ মার্চ ২০১৭ তারিখে বিজ্ঞ স্পেশাল ট্রাইব্যুনাল, সুনামগঞ্জ কর্তৃক গৃহীত হয়েছে; এবং

৩। যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১)-এ সিটি কর্পোরেশনের মেয়র এর বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হলে, সরকার কর্তৃক লিখিত আদেশের মাধ্যমে তাঁকে সাময়িকভাবে বরখাস্তকরণের বিধান রয়েছে।

৪। সেহেতু, সিলেট সিটি কর্পোরেশনের মেয়র জনাব আরিফুল হক চৌধুরী কে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মো: মাহমুদুল আলম)

উপসচিব

ফোনঃ ৯৫৭৩৬২৫


ই-মেইল: dsc2.lgd.gov@gmail.com

স্মারক নং ৪৬.০৭০.০২২.০০.০০.২২৮.২০১২(অংশ).৪১১(৩০)

তারিখঃ ১৯ চৈত্র ১৪২৩
২ এপ্রিল ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- (১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- (৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) বিভাগীয় কমিশনার, সিলেট।
- (৫) জনাব আরিফুল হক চৌধুরী, মেয়র, সিলেট সিটি কর্পোরেশন [বাসা নং-১, ব্লক-বি, কুমারপাড়া আ/এ, সিলেট-৩১০০]
- (৬) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
- (৮) জেলা প্রশাসক, সিলেট।
- (৯) উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- (১০) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১১) অফিস কপি।


(মো: মাহমুদুল আলম)
উপসচিব